

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১১

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মৃত্যুবরণ করে এমন অবস্থায় যে সে আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করেনি, তার জন্য সুপারিশ অবধারিত

ذِكْرُ إِجَابِ الشَّفَاعَةِ لِمَنْ مَاتَ مِنْ أُمَّةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ لَا يُشْرِكُ
بِاللَّهِ شَيْئًا

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ غِيَاثٍ قَالَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ قَتَادَةَ عَنْ أَبِي الْمَلِيحِ عَنْ عَوْفِ بْنِ مَالِكٍ قَالَ: عَرَّسَ بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ فَاغْتَرَشَ كُلُّ رَجُلٍ مِّنَّا ذِرَاعَ رَاحِلَتِهِ قَالَ فَانْتَبَهْتُ فِي بَعْضِ اللَّيْلِ فَإِذَا نَاقَةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْسَ قُدَّامَهَا أَحَدٌ فَانْطَلَقْتُ أَطْلُبُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِذَا مُعَاذُ بْنُ جَبَلٍ وَعَبْدُ اللَّهِ بْنُ قَيْسٍ قَائِمَانِ فَقُلْتُ: أَيُّنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقَالَا: لَا نَدْرِي غَيْرَ أَنَّا سَمِعْنَا صَوْتًا بِأَعْلَى الْوَادِي فَإِذَا مِثْلُ هَدِيرِ الرَّحَى قَالَ: فَلَبِثْنَا يَسِيرًا ثُمَّ أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: "إِنَّهُ أَتَانِي مِنْ رَبِّي آتٍ فَيُخْبِرُنِي بِأَنْ يَدْخُلَ نِصْفُ أُمَّتِي الْجَنَّةَ وَيَبِينَ الشَّفَاعَةُ وَإِنِّي اخْتَرْتُ الشَّفَاعَةَ" فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ نَنْشُدُكَ بِاللَّهِ وَالصُّحْبَةِ لِمَا جَعَلْتَنَا مِنْ أَهْلِ شَفَاعَتِكَ قَالَ: "فَأَنْتُمْ مِنْ أَهْلِ شَفَاعَتِي" قَالَ: فَلَمَّا رَكِبُوا قَالَ: "فَإِنِّي أَشْهَدُ مَنْ حَضَرَ أَنَّ شَفَاعَتِي لِمَنْ مَاتَ لَا يُشْرِكُ بِاللَّهِ شَيْئًا مِنْ أُمَّتِي".

الراوي : عَوْفُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 211 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২১১. আউফ বিন মালিক রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একরাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে বিশ্রামের জন্য যাত্রা বিরতি দিলেন। অতঃপর প্রত্যেক ব্যক্তি তার বাহনের বাহু বিছিয়ে নিলেন (তাতে মাথা ঠেস দিয়ে বিশ্রাম নেওয়ার জন্য)। রাবী বলেন: “রাতে কোন এক সময়ে আমি জাগ্রত হই। অতঃপর দেখতে পাই যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উটের সামনে কেউ নেই। ফলে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে খোঁজার জন্য বেরিয়ে পড়লাম। এমন সময় আমি দেখতে পেলাম যে, মুয়ায বিন জাবাল ও আব্দুল্লাহ বিন কাইস দাঁড়িয়ে আছেন। আমি বললাম: “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোথায়?” তাঁরা বললেন: “আমরা জানি না। তবে আমরা উপত্যকার উপরে একটি আওয়াজ শুনতে পেয়েছি।” এসময় আমি যাত্রা পেষণের মত আওয়াজ শুনতে পেলাম। রাবী বলেন: “অতঃপর আমরা কিছুক্ষণ অপেক্ষা করলাম।” তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের কাছে আসলেন। অতঃপর বললেন: “নিশ্চয়ই আমার প্রতিপালকের পক্ষ থেকে একজন আগন্তুক এসেছিলেন। তিনি আমাকে সুপারিশ করা অথবা আমার উম্মতের অর্ধাংশ জান্নাতের যাওয়া (উভয়ের মধ্যে যে কোন একটি গ্রহণ করার ইখতিয়ারের কথা) জানিয়েছেন। আমি সুপারিশ করাকেই বেছে নিয়েছি।” তখন সাহাবীগণ বললেন: “আপনার সাহচর্য ও আল্লাহর শপথ দিয়ে বলছি, আপনি অবশ্যই আমাদেরকে আপনার সুপারিশ পাওয়ার হকদার করবেন।” তিনি বলেন: “তোমরা আমার সুপারিশ পাবে।” রাবী বলেন, যখন সাহাবীগণ (পুনরায় যাত্রা আরম্ভ করার জন্য) বাহনে উঠেন, তখন তিনি বলেন: “নিশ্চয়ই আমি উপস্থিত লোকদের সাক্ষি রেখে বলছি: “নিশ্চয়ই আমার সুপারিশ হবে তাদের জন্য যারা মৃত্যুবরণ করবে এমন অবস্থায় যে, তারা আল্লাহর সাথে কোন কিছুকেই শরীক করেনি।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২৮; তিরমিযী: ২৪৪১; তাবারানী: ১৮/১৩৪; আত তায়ালিসী: ৯৯৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৮৬৫; ইবনু মাজাহ: ৪৩১৭; হাকিম: ১/৬৭; মাজমা'উয যাওয়াইদ: ১০/৩৬৯-৩৭০; ইবনু মান্দাহ: ৯২৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যিলালুল জাম্মাহ: ৮১৮।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88422>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন